কালের কণ্ঠ

তারিখ 21 MAR 2015
পৃষ্ঠা ৩ কলাম ৮

# চাকরি জাতীয়করণের দাবি বেসরকারি শিক্ষকদের

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণসহ ছয় দফা দাবি জানিয়েছে ন্যাশনাল টিচার্স কাউন্সিল বাংলাদেশ (বিএনটিসি)। গতকাল শুক্রবার রাজধানীর জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংগঠনটি এ দাবি জানায়।

সংবাদ সম্মেলনে বিএনটিসির আহ্বায়ক অধ্যক্ষ বদর উদ্দিন হাওলাদার বলেন, 'বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণ করতে হবে। স্বতন্ত্র পে-স্কেল ঘোষণাসহ চাকরির মেয়াদ বয়স ৬৫ বছরে উন্নীত করতে হবে। বেসরকারি ও সরকারি শিক্ষকদের বৈষম্য দূর করাসহ সরকারি অফিস, দপ্তর, পরিদপ্তর ও অধিদপ্তরে আনুপাতিক হারে ডেপুটেশন দিতে হবে। বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি বিদ্যমান প্রশাসনিক ব্যবস্থায় সংস্কার করে সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের ন্যায় পরিচালনা পদ্ধতি চালু করতে হবে।'

সংবাদ সম্মেলনে আরো জানানো হয়, সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে টিউশন ফি ও অন্যান্য অর্থের পরিমাণ ও সুযোগ-সুবিধায় সমতা নিশ্চিত করা, ১৯৯৬ সালের জনবল কাঠামো অনুযায়ী স্বীকৃতিপ্রাপ্ত সব শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করাসহ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের এমপিওভুক্ত পদের সংখ্যা বৃদ্ধি করতে হবে।